# Visit of Hon'ble Vice President of India to Qatar

November 21, 2022

# ভারতের সম্মানীয় উপ রাষ্ট্রপতির কাতার সফর

নভেম্বর 21, 2022

ভারতের সম্মানীয় উপ রাষ্ট্রপতি (এইচভিপিআই) শ্রী জগদীপ ধনকর কাতার রাষ্ট্রের আমির, হিজ হাইনেস শেখ তামিম বিন হামাদ আল থানির আমন্ত্রণে 20-21শে নভেম্বর 2022 -এ কাতার সফর করেছেন। তিনি 20শে নভেম্বর ফিফা বিশ্বকাপের উদ্বোধনী অনুষ্ঠানে উপস্থিত ছিলেন এবং 21শে নভেম্বর ভারতীয় সম্প্রদায়ের একাংশের সাথে সাক্ষাৎ করেন।

2. ভারতের সম্মানীয় উপ রাষ্ট্রপতি (এইচভিপিআই) কে বিমান বন্দরে অভ্যর্থনা জানান কাতারের আমির পরিবারের এক সদস্য, প্রতিমন্ত্রী হিজ এক্সেলেন্সি শেখ ফাহাদ বিন ফয়সাল আল-থানি।

3. ভারতের সম্মানীয় উপ রাষ্ট্রপতি (এইচভিপিআই) কাতারের আমির হিজ হাইনেস শেখ তামিম বিন হামাদ আল থানি এবং অন্যান্য বিশিষ্ট ব্যক্তি বর্গের সাথে উদ্বোধনী অনুষ্ঠানে যোগদান করেছেন। এর ফাঁকে তিনি কাতারের আমির, রাষ্ট্রসঙ্ঘের মহাসচিব, ফিফা প্রেসিডেন্ট, আইওসি প্রেসিডেন্ট এবং বিশ্বের অন্যান্য নেতৃবৃন্দের সাথে পারস্পরিক আলাপ আলোচনা করেছেন।

4. ভারতের সম্মানীয় উপ রাষ্ট্রপতি (এইচভিপিআই) তার সফরকালে, ভারতীয় ব্যবসায়ী, বিভিন্ন ভারতীয় গোষ্ঠী সংগঠনের বরিষ্ঠ সদস্য, শিক্ষাবিদ, চিকিৎসক এবং শ্রমিক সহ ভারতীয় সম্প্রদায়ের বিভিন্ন বিশিষ্ট সদস্যদের সাথে সাক্ষাৎ করেন।

5. ভারতের সম্মানীয় উপ রাষ্ট্রপতি (এইচভিপিআই) ভারতীয় সম্প্রদায়েরসদস্যদের এক বিশাল সমাবেশে ভাষণ প্রদান করেন। তিনি দুই দেশের মধ্যে জনগণের সাথে জনগণের সম্পর্ককে বর্ধিত করার ক্ষাত্রে কাতারে বসবাসকারী 840,000 ভারতীয়দের অবদানের প্রশংসা করেন। তিনি বিভিন্ন ক্ষেত্রে ভারতের অগ্রগতির কথা তুলে ধরেন এবং সামনের বছর জানুয়ারি মাসে প্রবাসী ভারতীয় দিবস উদযাপনে অংশ গ্রহণ করার জন্য তাদের আহবান জানান।

6. ভারতের সম্মানীয় উপ রাষ্ট্রপতি (এইচভিপিআই) কাতার জাতীয় মিউজিয়ামও পরিদর্শন করেন। তিনি ভারত এবং কাতারের মধ্যে যুগান্তরব্যাপী এবং জনগণের সাথে জনগণের সংযোগের প্রতিফলন ঘটান।

7. 2023 -এ দুই দেশ তাদের কূটনৈতিক সম্পর্কের 50 বছর উদযাপন করতে চলেছে, সেই কারণে সফরটি ভারত-কাতার দ্বিপাক্ষিক বন্ধুত্বপূর্ণ সম্পর্কর আরও উন্নতিসাধন করে।

নিউ দিল্লি

নভেম্বর 21, 2022

DISCLAIMER: This is an approximate translation. The original is available in English on MEA's website and may be referred to as the official press release.